DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 03:17 PM

সারাদেশ

# সরাইলে এনজিও অফিসে দুর্ধর্ষ দস্যুতা, হিসাবরক্ষককে কুপিয়ে জখম

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM




ছবি প্রতিনিধি

ব্রাহ্মণবাড়িয়ার সরাইলে একটি ভবনে থাকা একাধিক এনজিও অফিসে দুর্ধর্ষ দস্যুতার ঘটনা ঘটেছে। এ সময় বাধা দেওয়ায় গাক (GUK) এনজিওর এক হিসাবরক্ষককে ধারালো অস্ত্র দিয়ে আঘাত করে গুরুতর আহত করেছে দস্যুরা। আহত ওই কর্মীকে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় নেওয়া হয়েছে।

গত বৃহস্পতিবার (২০ আগস্ট) দিবাগত রাত আনুমানিক সাড়ে ৩টার দিকে সরাইল সদর ইউনিয়নের উত্তর কুট্টাপাড়া এলাকার খোরশেদ ভবনে এ ঘটনা ঘটে।

স্থানীয় ও সংশ্লিষ্টদের সঙ্গে কথা বলে জানা যায়, খোরশেদ ভবনের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় তলায় পল্লী মঙ্গল, সিদীপ, গাকসহ কয়েকটি এনজিও দীর্ঘদিন ধরে তাদের কার্যক্রম পরিচালনা করে আসছে। গভীর রাতে দস্যুরা ভবনের মূল ফটকের তালা কেটে ভেতরে প্রবেশ করে।

পরে তারা বিভিন্ন এনজিও অফিসে ঢুকে লকার ভাঙার চেষ্টা করে।

এ সময় গাক এনজিওর এক হিসাবরক্ষক বাধা দিতে গেলে দস্যুরা তাকে ধারালো অস্ত্র দিয়ে আঘাত করে। এতে তিনি গুরুতর আহত হন। পরে তাকে স্থানীয়ভাবে প্রাথমিক চিকিৎসা দেওয়ার পর উন্নত চিকিৎসার জন্য ঢাকায় নেওয়া হয়।

এদিকে, দস্যুরা ভবনে থাকা কয়েকজনকে একটি কক্ষে আটকে রেখে বাইরে থেকে দরজায় তালা লাগিয়ে দেয়। এছাড়া ভবনে স্থাপিত সিসিটিভি ক্যামেরার মূল রেকর্ডিং বক্সও কেটে নিয়ে যাওয়ার অভিযোগ পাওয়া গেছে।

ঘটনার বিষয়ে সরাইল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনজুর কাদের ভূঁইয়া বলেন, গতকাল রাতে সংঘটিত ঘটনায় দু'জন দুষ্কৃতকারী জড়িত থাকায় আইনি সংজ্ঞায় এটি একটি দস্যুতার ঘটনা। তালা কেটে ভেতরে ঢুকে লকার ভাঙার চেষ্টা করার সময় বাধা দেওয়ায় দুষ্কৃতকারীরা অ্যাকাউন্টেন্টকে আঘাত করে পালিয়ে যায়। আহত কর্মী বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন আছেন।

তিনি আরও বলেন, অপরাধীদের দ্রুত শনাক্ত ও গ্রেপ্তারে পুলিশের একাধিক টিম কাজ করছে। এ বিষয়ে আইনি প্রক্রিয়া চলমান রয়েছে।

ঘটনার পর ওই এলাকায় নিরাপত্তা নিয়ে স্থানীয়দের মধ্যে উদ্বেগ দেখা দিয়েছে। পুলিশ জানিয়েছে, জড়িতদের শনাক্ত করে আইনের আওতায় আনতে তদন্ত ও অভিযান অব্যাহত রয়েছে।

---

## এ বিভাগের আরও খবর



**আশুগঞ্জে রুমিন ফারহানাকে অবাঞ্ছিত ঘোষণা, বিএনপির ঝাড়ু মিছিল**
জাতীয় সংসদে বিএনপির সমালোচনা করে দেওয়া বক্তব্যের প্রতিবাদে ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্বতন্ত্র সংসদ সদস্য ব্যারিস্টার...




**সাতক্ষীরায় সড়ক দুর্ঘটনায় পথচারীর মৃত্যু**
সাতক্ষীরায় যাত্রীবাহী বাসের ধাক্কায় আব্দুল মাজেদ (৬০) নামে এক পথচারী নিহত হয়েছেন। আজ রোববার সকাল সাড়ে ১০টার দিকে সাতক্ষীরা-খুলনা মহাসড়কে...



### পদ্মায় নিখোঁজ ছাত্রদল নেতা রকির মরদেহ উদ্ধার

কুষ্টিয়ার ভেড়ামারায় পদ্মা নদীতে নৌকা ভ্রমণে গিয়ে হার্ডিঞ্জ ব্রিজের পিলারের সঙ্গে ধাক্কা লেগে নিখোঁজ ঝিনাইদহের শৈলকুপার পৌর ছাত্রদলের সদস্য...




### ব্রাহ্মণবাড়িয়ায় কনসার্ট ইস্যুতে সমঝোতা, মানতে হবে যে শর্ত

ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের নবীনবরণ উপলক্ষে কনসার্ট আয়োজনকে কেন্দ্র করে সৃষ্ট বিরোধের অবসান হয়েছে। শনিবার (১৩ সেপ্টেম্বর) সন্ধ্যায় ব্রাহ্মণ...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/sraile-enjio-ofise-durdhrsh-dsjuta-hisabrkshkke-kupiye-jkhm